



## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd



স্মারক: বিএসি/প্রশাসন/উদ্ভাবন/২০২১/৫৫৭০

তারিখ : ১৮ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

### সভার নোটিশ

কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ইনোভেশন টিমের ৪র্থ সভা কাউন্সিলের কিউএ ও এনকিউএফ বিভাগের পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব মোহাম্মদ তাজিব উদ্দিনের সভাপতিত্বে কাউন্সিলের সভা কক্ষে আগামী ৩০.০৬.২০২২ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

২. উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### সভার আলোচ্যসূচি

১. ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
২. ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের নতুন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৩. ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের একটি সেবা সহজিকরণের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৪. ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের একটি সেবা ডিজিটাইজেশন এর অগ্রগতি পর্যালোচনা;
৫. ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন;
৬. কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত অগ্রগতি;
৭. বিবিধ।

(মোঃ আরাফাত হোসেন)

সহকারী পরিচালক

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়)

০১. সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০২. পরিচালক (কিউএ ও এনকিউএফ বিভাগ), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৩. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা শাখা), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৪. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
০৫. মো: আবু সাঈদ, ব্যক্তিগত কর্মকর্তা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য), বিএসি, ঢাকা;
০৬. মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা;
০৭. অফিস কপি/কাউন্সিলের ওয়েবসাইট।

# বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিল্টো রোড, রমনা, ঢাকা-১০০০

বিষয়: ৩০ জুন, ২০২২ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এর ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন  
পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

সভার তারিখ : ৩০.০৬.২০২২ খ্রি:


সভার সময় : সকাল ৯.৩০ ঘটিকা

উপস্থিতি : জনাব মোহাম্মদ আবদুল আলীম, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা শাখা), বিএসি, ঢাকা  
জনাব মো: আরাফাত হোসেন, সহকারী পরিচালক(অর্থ ও পরিকল্পনা শাখা), বিএসি, ঢাকা  
জনাব মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ) জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন এর সভাপতিত্বে বিএসি'র ইনোভেশন টিমের ৪র্থ সভা ৩০ জুন, ২০২২ খ্রি. তারিখে কাউন্সিলের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করলে ইনোভেশন টিমের সদস্য সচিব ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী সম্মাদিত কার্যাবলি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, যথাসময়ে কাউন্সিলের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত ও সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ১টি কর্মশালা ও ৩টি সভা আয়োজন করা হয়েছে। এছাড়া কাউন্সিলের তথ্য বাতায়নে সকল সেবা বন্ধ হালনাগাদ করা হয়েছে। বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি কাউন্সিলের তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪টি সভা আয়োজন করা হয়েছে। কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে এবং একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা হয়েছে। এছাড়া অর্থ বছরের শুরু থেকে এটুআই এর সাথে যোগাযোগ করা হয়েছে। এটুআই তাদের সার্ভার পরিবর্তন ও ই-নথির উন্নত ভার্সন প্রবর্তন প্রক্রিয়া চলমান রাখায় যথাসময়ে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলকে ই-নথিতে অন্তর্ভুক্ত করতে বিলম্ব করেছে। ইতোমধ্যে কাউন্সিলের জন্য ই-নথি আইডি ক্রিয়েট করা হয়েছে। এটুআই কর্তৃক কাউন্সিলের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ সম্পাদন করা হলে ই-নথির ব্যবহার শুরু করা সম্ভব হবে। টিমের সদস্যগণ কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত:** কাউন্সিলের ২০২১-২২ অর্থবছরে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখা হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোহাম্মদ তাজিব উদ্দিন)

পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ)  
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
- ২। জনাব মোহাম্মদ আবদুল আলীম, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা শাখা), বিএসি, ঢাকা
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যানের অবগতির জন্য), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
- ৪। জনাব মো: আরাফাত হোসেন, সহকারী পরিচালক, বিএসি, ঢাকা
- ৫। জনাব মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। অফিস কপি।



## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd





### সভার হাজিরা সিট

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার ৪র্থ সভা

তারিখ: ৩০.০৬.২০২২ খ্রি.

স্থান: কাউন্সিল সভা কক্ষ

সময়: সকাল ৯.৩০ ঘটিকা

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	মোবাইল নং	স্বাক্ষর
১.	মোহাম্মদ তাজিব উদ্দিন পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭৪৭৭৩২৪২৭	 ৩০/৬/২২
২.	মোহাম্মদ আবদুল আলীম উপপরিচালক বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭৭৫-১৭৭১৭৭	 ৩০/৬/২২
৩.	মো: আরাফাত হোসেন সহকারী পরিচালক বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭৫৬-২৭১৪৪১	 ৩০/৬/২২
৪.	মোস্তফা জহির উদ্দিন প্রশাসনিক কর্মকর্তা বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭৪০২১১২৬৭	 30.06.22